# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

## ২৯৬. কোন হারানো জিনিস পাওয়ার পর তা জনসম্মুখে প্রচার না করা

যায়েদ্ বিন্ খালিদ জুহানী (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

مَنْ آوَى ضَالَّةً فَهُوَ ضَالٌّ مَا لَمْ يُعَرِّفْهَا

‘‘যে ব্যক্তি রাস্তা থেকে কোন হারানো জিনিস উঠিয়ে নিলো সে সত্যিই পথভ্রষ্ট যতক্ষণ না তা জনসম্মুখে প্রচার করে’’।[1]

’ইয়ায বিন্ ’হিমার (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

مَنْ وَجَدَ لُقَطَةً فَلْيُشْهِدْ ذَا عَدْلٍ أَوْ ذَوِيْ عَدْلٍ وَلَا يَكْتُمْ وَلَا يُغَيِّبْ فَإِنْ وَجَدَ صَاحِبَهَا فَلْيَرُدَّهَا عَلَيْهِ وَإِلَّا فَهُوَ مَالُ اللَّهِ عَزَّ وَجَلَّ يُؤْتِيهِ مَنْ يَشَاءُ

‘‘কেউ কোন হারানো জিনিস পেলে সে যেন এ ব্যাপারে এক বা একাধিক ন্যায়পরায়ণ ব্যক্তিকে সাক্ষী বানায় এবং তা কোনভাবেই লুকিয়ে না রাখে। অতঃপর বস্তুটির মালিক পাওয়া গেলে তাকে তা হস্তান্তর করবে। আর মালিক না পাওয়া গেলে তা একান্ত আল্লাহ্ তা’আলারই সম্পদ। তিনি তা যাকে চান তাকেই দেন’’।[2]

হাজীদের হারানো জিনিস ছাড়া অন্য যে কোন হারানো জিনিস রাস্তা থেকে উঠিয়ে নিলে তা এক বছর পর্যন্ত প্রচার করতে হবে। অতঃপর বস্তুটির মালিক না আসলে তা নিজের মাল হিসেবেই গ্রহণ ও ব্যয় করবে। আর ইতিমধ্যে মালিক আসলে তাকে তা কিংবা তার সমতুল্য জিনিস বুঝিয়ে দিতে হবে। তবে তৈরি করা কোন খাদ্য কিংবা যে কোন ফলমূল যা কিছুক্ষণ পরই নষ্ট হওয়া নিশ্চিত তা সরাসরি নিজেই ভোগ করবে। তা জনসম্মুখে প্রচার করার আর কোন প্রয়োজন নেই।

যায়েদ্ বিন্ খালিদ জুহানী (রা.) থেকে আরো বর্ণিত তিনি বলেন: জনৈক ব্যক্তি রাসূল (সা.) কে হারিয়ে যাওয়া তথা রাস্তায় কুড়িয়ে পাওয়া জিনিস সম্পর্কে জিজ্ঞাসা করলে তিনি বলেন:

عَرِّفْهَا سَنَةً ثُمَّ اعْرِفْ وِكَاءَهَا وَعِفَاصَهَا ثُمَّ اسْتَنْفِقْ بِهَا فَإِنْ جَاءَ رَبُّهَا فَأَدِّهَا إِلَيْهِ فَقَالَ : يَا رَسُوْلَ اللَّهِ ! فَضَالَّةُ الْغَنَمِ ؟ فَقَالَ : خُذْهَا ، فَإِنَّمَا هِيَ لَكَ أَوْ لِأَخِيكَ أَوْ لِلذِّئْبِ قَالَ : يَا رَسُوْلَ اللَّهِ ! فَضَالَّةُ الْإِبِلِ ؟ فَغَضِبَ رَسُوْلُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى احْمَرَّتْ وَجْنَتَاهُ ـ أَوِ احْمَرَّ وَجْهُهُ ـ وَقَالَ : مَا لَكَ وَلَهَا ؟ مَعَهَا حِذَاؤُهَا وَسِقَاؤُهَا حَتَّى يَأْتِيَهَا رَبُّهَا

‘‘তুমি তা জনসম্মুখে এক বছর পর্যন্ত প্রচার করবে। অতঃপর থলেটির মুখ বাঁধা রশি এবং পাত্রটির ঢাকনা ইত্যাদি চিনে রাখবে এবং তা নিজের কাজে ব্যয় করবে। ইতিমধ্যে বস্তুটির মালিক তা তাকে ফেরত দিবে। তখন সে বললো: হে আল্লাহ্’র রাসূল! হারানো ছাগল সম্পর্কে আপনি কি বলেন? তিনি বললেন: তা তুমি নিয়ে নাও। কারণ, তা তোমার কিংবা তোমার ভাইয়ের অথবা বাঘের। সে আবারো বললো: হে আল্লাহ্’র রাসূল! হারানো উট

সম্পর্কে আপনি কি বলেন? এ কথা শুনে রাসূল (সা.) এর উভয় গাল তথা চেহারা লাল হয়ে গেলো এবং রাসূল (সা.) বললেন: উট নিয়ে তোমার এতো অস্থিরতা কেন? তার তো চলার জন্য ক্ষুর রয়েছে। পান করার জন্য জমাকৃত পানি রয়েছে যতক্ষণ না তার মালিক আসে”।[3]

>

ফুটনোট

[1] (মুসলিম, হাদীস ১৭২৫)

[2] (আবু দাউদ, হাদীস ১৭০৯)

[3] (আবু দাউদ, হাদীস ১৭০৪)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11546

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন